



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/14/2023

গভর্নর ক্যাথি হোকল

নিউ ইয়র্ক স্টেটের কর্মচারীদের জন্য পূর্ণ বেতন সহ সন্তান লালন-পালনের ছুটি প্রদান করতে দেশের নেতৃস্থানীয় উদ্যোগ চালু করা সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

নিউ ইয়র্ক স্টেটের 10,000-এরও বেশি প্রতিনিধিত্বহীন কর্মচারী 12 সপ্তাহের জন্য পূর্ণ বেতন সহ সন্তান লালন-পালনের ছুটি পাওয়ার উপযুক্ত হবেন

গভর্নরের নীতিমালা সংক্রান্ত বুলেটিন [এখানে](#) পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেটের কর্মচারীদের জন্য পূর্ণ বেতন সহ সন্তান লালন-পালনের ছুটি প্রদান করতে দেশের নেতৃস্থানীয় একটি উদ্যোগ চালু করার ঘোষণা দিয়েছেন। গভর্নর নীতিমালা সংক্রান্ত একটি বুলেটিনে ঘোষণা করেছেন যে স্টেটের 10,000-এরও বেশি প্রতিনিধিত্বহীন কর্মচারী নবজাতক সন্তান, পালক সন্তান, বা দত্তক নেওয়া সন্তানের সঙ্গে সময় কাটানোর জন্য পূর্ণ বেতন সহ 12 সপ্তাহের ছুটি পাওয়ার উপযুক্ত হবেন। বেশিরভাগ কর্মচারী আজকের দিক থেকেই ছুটি নেওয়া শুরু করতে পারবেন।

"আমাদের স্টেটকে যারা সচল রাখছেন সেসব নিবেদিত নিউ ইয়র্কবাসীদের নিজেদের পে-চেক এবং নিজেদের সন্তানের দেখাশোনা করা, এই দুইটির মধ্যে একটি বেছে নিতে বাধ্য হওয়া উচিত নয়, এবং এই নীতিমালা নিউ ইয়র্ক স্টেটকে কর্মজীবী পরিবারগুলোকে সাহায্য করার একটি মডেল হিসেবে প্রতিষ্ঠা করবে," বলেছেন গভর্নর হোকল। "আমার প্রশাসন আমাদের জনগণের সেবকদেরকে তাদের প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে অঙ্গীকারাবদ্ধ কারণ এটি শুধু তাদের পরিবারের জন্যই কল্যাণকর নয়, বরং এটি একটি ভালো নীতিমালা।"

সবেতন অভিভাবকীয় ছুটির প্রমাণিত ইতিবাচক সুবিধা থেকে মা এবং নবজাতকের স্বাস্থ্য, সেইসাথে পরিবারের অর্থনৈতিক নিরাপত্তা এবং কর্মীবলকে ধরে রাখা সত্ত্বেও, মার্কিন যুক্তরাষ্ট্র হল বিশ্বের মধ্যে একমাত্র উন্নত দেশ যাদের জাতীয় সবেতন অভিভাবকীয় ছুটির নীতি নেই। নতুন বাবা-মা ও কেয়ারগিভাররা নিয়োগকর্তার পৃষ্ঠপোষকতায় প্রাপ্ত যেকোনো সুবিধার পাশাপাশি বিভিন্ন ফেডারেল, স্টেট, ও স্থানীয় পর্যায়ের ছুটির নীতিমালার সম্মিলনের উপর নির্ভর করে থাকেন।

গভর্নর হোকল তার 2023 সালের স্টেট অব দ্যা স্টেট ভাষণের অংশ হিসেবে প্রথম এই উদ্যোগটি [ঘোষণা](#) করেছিলেন। অফিস অব এমপ্লয়ি রিলেশন্স (Office of Employee Relations,

OER) এবং ডিপার্টমেন্ট অব সিভিল সার্ভিস (Department of Civil Service) তারপর থেকে এই কর্মসূচি প্রতিষ্ঠা করা এবং স্টেটের প্রতিনিধিত্বহীন কর্মীদের জন্য এটি লভ্য করতে কাজ করে আসছে। আজ ইস্যু করা এই নীতিমালার অধীনে, এক্সিকিউটিভ শাখার প্রতিনিধিত্বহীন সব কর্মচারীদের মধ্যে যারা পূর্ণকালীন সময় কাজ করছেন অথবা কমপক্ষে 50 শতাংশ খণ্ডকালীন কাজ করছেন তারা এই সুবিধা পাওয়ার উপযুক্ত হবেন, যে উপযুক্ততা তাদের কর্মজীবনের প্রথম দিন থেকে শুরু হবে। সামষ্টিক সমঝোতার মাধ্যমে OER এই সুবিধাটি তাদের কর্মচারীদের জন্য বর্ধিত করার ব্যাপারে স্টেট ইউনিয়নগুলোর সঙ্গে সম্পৃক্ততা চালিয়ে যাবে।

**অফিস অব এমপ্লয়ি রিলেশন্স-এর ডিরেক্টর মাইকেল ভোলফোর্ট বলেন,** "বেতন সহ সন্তান লালন-পালনের ছুটি বাবা-মায়েদের পে-চেক হারানোর ভয় ছাড়াই নিজেদের সন্তানদের দেখাশোনা করতে সাহায্য করার মাধ্যমে কর্মজীবী পরিবারগুলোর জন্য একটি উল্লেখযোগ্য পার্থক্য তৈরি করবে। গভর্নর হোকলের নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেট কর্মীদের সম্পূর্ণ সবেতন অভিভাবকীয় ছুটি বাড়ানোর জন্য আমি আমাদের ইউনিয়ন অংশীদারদের সাথে কাজ করার জন্য উন্মুখ।"

**নিউ ইয়র্ক স্টেটের সিভিল সার্ভিস কমিশনার টিমোথি আর. হগস বলেন,** "নিউ ইয়র্ক স্টেটের কর্মীদের জন্য বেতন সহ সন্তান লালন-পালনের ছুটি প্রদান করা আমাদের কঠোর পরিশ্রমী জনগণের সেবকদেরকে তাদের সন্তানদের দেখাশোনা করতে এবং শক্তিশালী পারিবারিক বন্ধন গড়ে তুলতে সত্যিকারভাবে সাহায্য করবে। নিউ ইয়র্ক স্টেটের নিবেদিত সরকারি কর্মীদের শক্তিশালী করতে সাহায্য করা এবং সহায়তা করার জন্য গভর্নর হোকলের গৃহীত অনেকগুলো পদক্ষেপের মধ্যে এটি মাত্র একটি পদক্ষেপ, এবং ডিপার্টমেন্ট অব সিভিল সার্ভিস গভর্নরের রূপকল্পকে এগিয়ে নিতে পেরে আনন্দিত।"

2016 সালে স্টেটজুড়ে সবেতন পারিবারিক ছুটি (Paid Family Leave, PFL) আইন প্রণয়ন করতে নিউ ইয়র্ক দীর্ঘদিন ধরে সন্তান লালন-পালনের ও পারিবারিক ছুটির সুবিধা প্রদানের ক্ষেত্রে নেতৃস্থানীয় ভূমিকা পালন করে আসছে। 2021 সালে গভর্নর হোকল গুরুতর অসুস্থ ভাই বা বোনের দেখাশোনা করার বিষয়টি অন্তর্ভুক্ত করতে এই আইন সম্প্রসারণের জন্য একটি [আইন](#) স্বাক্ষর করেছেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418